



না না করোনা.....  
সৌমিত্র কর

“এ বছরটা বড় একটা সুখের নয়.....”

এ বছরের শুরুতে শুরুতে সাজগোজের নানা প্ল্যান করেছিল লক্ষ্মী, সরস্বতী। কার্তিক গণেশও যে এ নিয়ে ভাবে নি, তা নয়। মা দুর্গা কিছু বেঠিক না হলে ছেলেমেয়েদের উৎসাহ দেন না, এমন নয়। মাঝখানে বিপত্তি। এতদিন মহিষাসুর ছিল, তার সঙ্গে বোঝাপড়াও ছিল, কোথা থেকে আর এক অসুর এসে হাজির!! নাম করোনা।

যার ভয়ে লোক সিঁধিয়ে গেল ঘরে। কাজ নেই, কম্মো নেই। বাস নেই, নেই ট্রেন। লেখা নেই পড়াও নেই, ইস্কুলও কলেজও নেই। অনেকটা তুমিও নেই আমিও নেই।

রবি ঠাকুরের কবিতার মতো –

“কত লোক যে পালিয়ে গেল ভয়ে

কত লোকের মাথা পড়ল কাটা।।”

এ ব্যাটা হাইটেক অসুর, আদিকালের অস্ত্রশস্ত্র নিয়ে লড়াই, অসম্ভব। আবার এ অসুর এ দেশের নয়, আন্তর্জাতিক। পৃথিবী জুড়ে যা তা করে বেড়াচ্ছে।

মা দুর্গা কথা পেড়েছেন স্বর্গে। দেবতাদের বলেছেন – “একসময়ের দশ হাতের অস্ত্র, তা দিয়ে আর চলে না, নতুন কিছু অস্ত্রপাতির ব্যবস্থা করুন দেখি।”

ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর এ ব্যাপারে আর থাকতে চান না। বয়স বেড়েছে, প্রেসার, বুক ধড়ফড়, হাড়েগোড়ে ব্যথা। দরকার কি এসব ন’চ্যাংড়া অসুরদের সঙ্গে লাগার। তার থেকে ভালো হোম কোয়ারেনটাইন।

স্বর্গে চলছে অশ্বিনীকুমার ও ধন্বন্তরির বোর্ড মিটিং, রুদ্ধদ্বার আলোচনা। অসুর পেটাও কমিটির আলোচনায় ঠিক হল, ঘোল হবে জড়িবুটির।

পাতলা লিকুইড, এ ঘোল খায় না, গায়ে মাখা যায় না, তাহলে উপায়, ছুঁচ ফুটিয়ে দিতে হবে গায়ে।

মা আসছেন

সঙ্গে গণেশ, কার্তিক আর লক্ষ্মী সরস্বতী

আনছেন ঘোল, জড়িবুটির না কি?

মা বলেছেন, থাক বাছা নিয়ম মেনে

এ ঘোল আসতে ক’দিন বাকি।।